# মন্ত্রিপরিষদ বিভাগের জুলাই ২০২৫ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: মন্ত্রিপরিষদ বিভাগ

প্রতিবেদনাধীন মাসের নাম: জুলাই ২০২৫ প্রতিবেদন প্রস্তুতের তারিখ: ১০ আগস্ট ২০২৫

**(১) প্রশাসনিক:**

ক.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ |
|---|---|---|---|
| মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ** | ৪১৭ | ২৮৩ | ১৩৪ |
| অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন** | ২,০৯৮ | ১,১০৮ | ৯৯০ |
| **মোট** | ২,৫১৫ | ১,৩৯১ | ১,১২৪ |

ক.২ শূন্যপদের বিন্যাস

| মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা | অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি) | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| মন্ত্রিপরিষদ বিভাগ | ০ | - | ৩৯ | ১৬ | ৪৯ | ৩০ | ১৩৪ |
| দুর্নীতি দমন কমিশন | - | - | ২৮৬ | ২১৪ | ২৮৭ | ২০৩ | ৯৯০ |
| মোট | - | - | ৩২৫ | ২৩০ | ৩৩৬ | ২৩৩ | ১,১২৪ |

ক.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ শূন্য থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

ক.৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

| মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা | জুলাই মাসে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| মন্ত্রিপরিষদ বিভাগ | - | - | - | - | - | - | - |
| দুর্নীতি দমন কমিশন | - | - | - | - | - | - | - |

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ.১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

| মন্ত্রিপরিষদ বিভাগ | মন্ত্রিপরিষদ সচিব | | মন্তব্য |
|---|---|---|---|
| | দেশে | বিদেশে | মন্ত্রিপরিষদ সচিব ২২ জুলাই ২০২৫ তারিখে গোপালগঞ্জ জেলা সফর করেন। |
| ভ্রমণ/পরিদর্শন | ১ | - | |
| | সচিব, সমন্বয় ও সংস্কার | | - |
| | - | - | |
| | অতিরিক্ত সচিব | | - |
| | - | - | |
| দুর্নীতি দমন কমিশন | সচিব | | মন্তব্য |
| | দেশে | বিদেশে | - |
| ভ্রমণ/পরিদর্শন | - | - | |

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

**(২) আইন-শৃঙ্খলা বিষয়ক:** প্রযোজ্য নয়।

**(৩) অর্থনৈতিক :** প্রযোজ্য নয়।

**(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:**

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্যসমূহ:

| প্রকল্পের নাম | বর্তমান অর্থবছরে এডিপিতে বরাদ্দ (লক্ষ টাকায়) | প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (লক্ষ টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | মন্তব্য |
|---|---|---|---|
| 1. Support to the Central Management Committee's (CMC) Policy Guidance on Child Component of the NSSS (1st revised) | ২২৫ | - | - |
| 2. Social Security Policy Support Programme (2nd revised) | ১,৫৬৮ | ১৩০.৬৩ (৮.৩৩ শতাংশ) | - |
| 3. Technical Support for CRVS System Improvement in Bangladesh (Phase-V) | ১২৪ | ৪.৫৩ (৩.৬৫ শতাংশ) | - |
| **মোট** | ১,৯১৭ | ১৩৫.১৬ (৭.০৫ শতাংশ) | - |

খ. প্রকল্পের অবস্থা বিষয়ক তথ্য:

| প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো | দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা |
|---|---|---|---|
| | - | - | - |

গ. প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা: নেই

**(৫) উৎপাদন বিষয়ক :** প্রযোজ্য নয়।

**(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান:** প্রযোজ্য নয়।

**(৭) অডিট আপত্তি:**

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য:

| মন্ত্রণালয়/ সংস্থা | অডিট আপত্তির সংখ্যা | টাকার পরিমাণ (লক্ষ টাকায়) | ব্রডশিটে জবাবের সংখ্যা | নিষ্পত্তির সংখ্যা | জের | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| মন্ত্রিপরিষদ বিভাগ | ১৮টি | ০.৮০ | - | - | ১৮টি | মন্ত্রিপরিষদ বিভাগের ২০২১-২২ অর্থবছরের ১টি, ২০২২-২৩ অর্থবছরের ১টি এবং ২০২৩-২৪ অর্থবছরের ২টি আপত্তিসহ মোট ৪টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। বিলুপ্ত বিভাগ উন্নয়ন বোর্ডের ১৪টি আপত্তিসহ সর্বমোট ১৮টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। |
| দুর্নীতি দমন কমিশন | ২৫টি | ২০৯.৪৩ | ২টি | ৩টি | ২২টি | - |
| মোট | ৪৩টি | ২১০.২৩ | ২টি | ৩টি | ৪০টি | - |

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

**(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা):**

| মন্ত্রণালয়/ অধিদপ্তর/ সংস্থাসমূহ | পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলা (মে মাসের ১ তারিখে) | মে মাসে শুরু হওয়া মামলার সংখ্যা | মে মাসে নিষ্পন্ন মামলার সংখ্যা | | | অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা | বর্তমান অর্থবছরে মোট নিষ্পন্ন মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| | | | চাকরিচ্যুতি/ বরখাস্ত | অন্যান্য দণ্ড | অব্যাহতি | | |
| মন্ত্রিপরিষদ বিভাগ | ১ | - | - | - | - | ১ | - |
| দুর্নীতি দমন কমিশন | ১৭ | - | - | - | ২ | ১৫ | ২ |
| মোট | ১৮ | - | - | - | ২ | ১৬ | ২ |

**(৯) মানবসম্পদ উন্নয়ন:**

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

| মন্ত্রণালয়/ সংস্থা | ক্রম | প্রশিক্ষণ কর্মসূচি | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/এজেন্সি | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| মন্ত্রিপরিষদ বিভাগ | | Policy Analysis বিষয়ক প্রশিক্ষণ | ২১ জুন-৩০ আগস্ট ২০২৫ | বিআইজিএম | ১ জন |
| দুর্নীতি দমন কমিশন | ১. | আর্থিক ও আর্থিক ব্যবস্থাপনা বিষয়ক বিশেষ প্রশিক্ষণ | ১৫-১৭ জুলাই ২০২৫ | দুর্নীতি দমন কমিশন | ৩০ জন |
| | ২. | দুর্নীতি দমন কমিশনে প্রেষণে কর্মরত কর্মকর্তাদের ওরিয়েন্টশন প্রশিক্ষণ | ২২-২৪ জুলাই ২০২৫ | দুর্নীতি দমন কমিশন | ৩৪ জন |
| | ৩. | বেসিক কম্পিউটার অপারেশন এন্ড ডি-নথি ম্যানেজমেন্ট সিস্টেম বিষয়ক প্রশিক্ষণ | ২৭-২৯ জুলাই ২০২৫ | দুর্নীতি দমন কমিশন | ২০ জন |

খ. ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা:

মন্ত্রিপরিষদ বিভাগে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ২০২৪-২৫ অর্থবছরের অভ্যন্তরীণ প্রশিক্ষণ (বাৎসরিক ৬০ ঘন্টা) সম্পন্ন হয়েছে।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন-দ্যা-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন-দ্যা-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: নেই।

**(১০) উল্লেখযোগ্য সমস্যা-সংকট: নেই**

**(১১) আইন, বিধি ও নীতি প্রণয়ন এবং উল্লেখযোগ্য কার্যাবলি:**

**ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা:** নেই

**খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:**

(১) প্রতিবেদনাধীন মাসে উপদেষ্টা পরিষদ-বৈঠক পাঁচটি, সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির পাঁচটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির পাঁচটি এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে।

(২) উপদেষ্টা পরিষদ-বৈঠকে ৩৪টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে, ১২টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে, ২২টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে। প্রতিবেদনাধীন মাসে ৭টি আন্তঃমন্ত্রণালয় পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

(৩) সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির সভায় ৩৯টি প্রস্তাব গৃহীত হয়েছে এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির সভায় ১১টি প্রস্তাব গৃহীত হয়েছে।

(৪) জুলাই Telecommunications Network and Licensing Policy, 2025-এর খসড়া পর্যালোচনা কমিটি এবং অধিগ্রহণকৃত অব্যবহৃত ও বেদখল জমি ব্যবহার ও পুনরুদ্ধার বিষয়ক উপদেষ্টা পরিষদ কমিটি গঠনপূর্বক প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

(৫) সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টাকে সহায়তা প্রদানের জন্য নির্বাহী ক্ষমতাপ্রাপ্ত বিশেষ সহকারী (প্রতিমন্ত্রীর পদমর্যাদায়) ড. শেখ মইনউদ্দিনকে রেলপথ মন্ত্রণালয়ের অতিরিক্ত দায়িত্ব অর্পণ করা হয়। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ১৪ জুলাই ২০২৫ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(৬) ১৬ জুলাই ২০২৫ তারিখে 'জুলাই শহিদ দিবস' উপলক্ষ্যে রাষ্ট্রীয়ভাবে শোক পালন সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

(৭) বাংলাদেশ বিমান বাহিনীর প্রশিক্ষণ বিমান বিধ্বস্ত হয়ে উত্তরায় মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে পতিত হওয়ার ফলে কোমলমতি শিশুসহ অনেক মানুষের মর্মান্তিক মৃত্যুর ঘটনায় ২২ জুলাই ২০২৫ তারিখে রাষ্ট্রীয়ভাবে শোক পালন সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

(৮) ঢাকার উত্তরায় মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে বিমান বাহিনীর এফ-৭ বিজিআই বিমান দুর্ঘটনায় বিমানটির চালকসহ উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী ও শিক্ষিকা হতাহতের ঘটনায় উপদেষ্টা পরিষদে শোকপ্রস্তাব গৃহীত হয়। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ২৭ জুলাই ২০২৫ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(৯) ১৬ জুলাই ২০২৫ তারিখে গোপালগঞ্জে রাজনৈতিক জনসভাকে কেন্দ্র করে সহিংসতা, আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি এবং সরকারি স্থাপনায় হামলা, জানমালের ক্ষয়-ক্ষতি ও নাগরিক নিরাপত্তা বিঘ্নিত হওয়ার বিষয়ে তদন্ত কমিশন গঠন করা হয়েছে।

(১০) ২১ জুলাই ২০২৫ তারিখে উত্তরার মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে বাংলাদেশ বিমান বাহিনীর বিমান বিধ্বস্তের কারণ, দায়দায়িত্ব ও ক্ষয়ক্ষতি নিরূপণ এবং সংশ্লিষ্ট বিষয় চিহ্নিতকরণের লক্ষ্যে একটি তদন্ত কমিশন গঠন করা হয়েছে।

(১১) জাতীয় সংসদের তিনটি নির্বাচনে উত্থাপিত অভিযোগ পর্যালোচনা এবং ভবিষ্যতে সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানের জন্য সুপারিশ প্রণয়নের লক্ষ্যে একটি কমিশন গঠন করা হয়েছে।

(১২) জুলাই ২০২৫ মাসে কমিশনার মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে এবং উক্ত সমন্বয় সভায় ২১টি সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

(১৩) মন্ত্রিপরিষদ বিভাগের সঙ্গে সকল জেলা প্রশাসকের জুম প্ল্যাটফর্মে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

(১৪) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত আইনের খসড়াসমূহের ভাষাগত উৎকর্ষ সাধন, বিষয়গত যথার্থতা এবং সংশ্লিষ্ট আইনের সঙ্গে সামঞ্জস্য ও সংগতি বিধানের লক্ষ্যে 'আইনের খসড়া পরীক্ষা নিরীক্ষাপূর্বক মতামত প্রদান

সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি'র ১০টি সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী ৮টি অধ্যাদেশ উপদেষ্টা পরিষদ-বৈঠকে উপস্থাপনের জন্য সুপারিশ করা হয়েছে।

(১৫) জুলাই ২০২৫ মাসে মাঠ প্রশাসনের কর্মকর্তাদের বিরুদ্ধে ৩০টি অভিযোগ পাওয়া গেছে। উক্ত অভিযোগসমূহের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৬) জুলাই ২০২৫ মাসে মাঠ প্রশাসনের কর্মকর্তাদের বিরুদ্ধে ১৬টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। নিষ্পত্তিকৃত অভিযোগসমূহের মধ্যে ১১টি অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত না হওয়ায় নথিজাতপূর্বক নিষ্পত্তি করে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে। সরাসরি দাখিলকৃত ৫টি অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত না হওয়ায় নথিজাত করা হয়েছে।

(১৭) 'জাতীয় মৎস্য সপ্তাহ, ২০২৫' উদ্‌যাপনের সকল কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৮) ১০-১৭ জুলাই ২০২৫ তারিখের মধ্যে দেশব্যাপী 'Public Opinion Survey on National Reform' শীর্ষক জরিপ পরিচালনা করা জন্য সকল কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৯) 'জাতীয় রুফটপ সোলার কর্মসূচি' বাস্তবায়নে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করে সকল কমিশনার এবং জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(২০) জনপ্রশাসন সংস্কার কমিশনের সুপারিশের আলোকে পেট্রোল পাম্প ও সিএনজি স্টেশনে স্বাস্থ্যসম্মত/পরিষ্কার পরিচ্ছন্ন এবং মহিলাদের জন্য পৃথক টয়লেট স্থাপন বিষয়ে দিক-নির্দেশনা প্রদান করে সকল জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(২১) ইউক্যালিপ্টাস এবং আকাশমনি গাছের চারা রোপণ, উত্তোলন ও বিক্রয় নিষিদ্ধ করা বিষয়ে সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(২২) পরিবেশ দূষণ নিয়ন্ত্রণকল্পে মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহে তালিকাভুক্ত সিঙ্গেল ইউজ প্লাস্টিক (SUP)-এর ব্যবহার বন্ধ করার লক্ষ্যে প্রস্তাবিত বিকল্প পণ্য সামগ্রী ব্যবহার বিষয়ে সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(২৩) অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত নির্দেশিকা (২০১৫ পরিমার্জিত ২০১৮) সংশোধনের বিষয়ে মন্ত্রণালয় ও বিভাগসমূহ হতে লিখিত মতামত সংগ্রহ করা হয়েছে।

(২৪) ১০ জুলাই ২০২৫ তারিখে আসন্ন ৮০তম জাতিসংঘ সাধারণ পরিষদ অধিবেশনে মাননীয় প্রধান উপদেষ্টার নেতৃত্বে প্রতিনিধিদলের অংশগ্রহণ উপলক্ষ্যে ব্রিফ ও মাননীয় প্রধান উপদেষ্টার ভাষণ প্রস্তুতের নিমিত্ত ইনপুটস প্রদানের লক্ষ্যে 'Updated information on the Government's Reform Initiatives and the National Consensus Commission' সংক্রান্ত তথ্যাদি পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

(২৫) Public Financial Management (PFM) Action plan (2024-2028)-এর Component-6 (Public Sector Performance Management)-এর অন্তর্ভুক্ত Activities সমূহ বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের Program Implementation Team (PIT) পুনর্গঠন করা হয়েছে।

(২৬) ২১ জুলাই ২০২৫ তারিখে Prefabricated Offsite/Modular Building Construction-এর মাধ্যমে Digitalised আধুনিক ভবন নির্মাণ ব্যবস্থার প্রবর্তনের প্রসঙ্গে সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নিকট পত্র প্রেরণ করা হয়েছে।

(২৭) মন্ত্রিপরিষদ বিভাগের চলমান প্রকল্পসমূহের ২০২৪-২৫ অর্থবছরের জুন ২০২৫ মাসের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন ও চলমান প্রকল্প সংক্রান্ত তথ্য বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ এবং অর্থনৈতিক সম্পর্ক বিভাগ বরাবর প্রেরণ করা হয়েছে।

**গ. আগামী (আগস্ট-সেপ্টেম্বর ২০২৫) দুই মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:**

(১) উপদেষ্টা পরিষদ-বৈঠক, জাতীয় পুরস্কার সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি, নিরাপত্তা সংক্রান্ত জাতীয় কমিটি, উপদেষ্টা পরিষদ কমিটি/পরিষদ/কমিশন/অন্যান্য কমিটি গঠন/পুনর্গঠন।

(২) সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি এবং আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটি'র সভা আয়োজন।

(৩) উপদেষ্টা পরিষদ-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনার জন্য ১৫টি আন্তঃমন্ত্রণালয় সভা আয়োজন।

(৪) নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির সভা আয়োজন।

(৫) জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ২০৭তম সভা আয়োজন।

(৬) প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার)-এর ১১৯তম সভা আয়োজন।

১১.৮.২০২৫

ড. শেখ আব্দুর রশীদ

মন্ত্রিপরিষদ সচিব